



# পিআইবি'র ইনোভেশন টিম এর ২৭.০৩.২০১৯ তারিখ সকাল ১০.০০ টায়

৩ সার্কিট হাউস রোড, ঢাকা – ১০০০ ফোন: ৯৬৩০০৮১-৩, ফ্যাক্স: ৮৮০-২-৮৩১৭৪৮৮, www.pib.gov.bd ই-মেইল: dgpib@yahoo.com

**পিআইবি'র ইনোভেশন টিম এর ২৭.০৩.২০১৯ তারিখ সকাল ১০.০০ টায়**

## অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ২৭.০৩.২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আব্দুল মানান, প্রশিক্ষক	সদস্য
২.	ড. কামরুল হক, রিসার্চ অফিসার	সদস্য
৩.	জো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৪.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁগ্রা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁগ্রা জানান, পিআইবি'র উত্তাবন কর্মপরিকল্পনার ক্রম নং ৬.১ অনুযায়ী আগামী এপ্রিল মাসের প্রথম সপ্তাহে তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ বেতার ইনোভেশন শোকেসিং-এর আয়োজন করবে। মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী এবং উপ-পরিচালক (প্রশাসন) মহোদয়ের সঙ্গে আলোচনা অনুযায়ী ইতিমধ্যে ইনোভেশন শোকেসিং-এ প্রদর্শনযোগ্য কার্যক্রম হিসেবে “অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম” নির্ধারণ করা হয়েছে এবং ইনোভেশন শোকেসিং-এ অংশগ্রহণের জন্য দুইজন কর্মকর্তাকে (জনাব নাসিমুল আহসান, সহকারী প্রশিক্ষক ও মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁগ্রা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব) মনোনয়ন দেয়া হয়েছে।

কর্মপরিকল্পনার ক্রম নং ১৬.১.১, ১৬.২.১ অনুযায়ী গত ১৪.০১.২০১৯ তারিখে বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া ইতিপূর্বে কর্মপরিকল্পনার ক্রম নং ১.১.১, ১.১.২, ১.৩.১ অনুযায়ী নির্ধারিত সময়ে পিআইবি'র উত্তাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করা হয়েছে ও তা মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।

কর্মপরিকল্পনার ক্রম নং ২.১.১ অনুযায়ী ইতোমধ্যে ইনোভেশন টিমের সাতটি সভা অনুষ্ঠিত হয়েছে। ক্রম নং ২.১.১ অনুযায়ী ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে পদক্ষেপ নেয়া হয়েছে।

পরিশেষে নির্ধারিত সময়ের মধ্যে উত্তাবন কার্যক্রম সম্পাদনের জন্য ইনোভেশন অফিসার সকলের সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*(স্বাক্ষর)*

(মো: ইলিয়াস ভূইয়া)

ইনোভেশন অফিসার

ও

পরিচালক (প্রশাসন)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- মোহাম্মদ আব্দুল মানান, প্রশিক্ষক, পিআইবি, ঢাকা।
- ড. কামরুল হক, রিসার্চ অফিসার, পিআইবি, ঢাকা।
- জনাব মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব, পিআইবি, ঢাকা।
- জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁগ্রা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অ.দা), পিআইবি, ঢাকা।
- অফিস কপি।